



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর

www.iau.edu.bd iaudhaka@gmail.com

বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল পাস-প্রা.পা/বরি/২০২৫/১৫৬০৬

তারিখ: ১৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে বেলুহার নেহারিয়া আলিম মাদরাসা (BELUHAR NESARIA ALIM MADRASAH, EIIN:100376, CODE: 16349) ডাকঘর: সেরাল, উপজেলা: আঁগৈলঝাড়া, জেলা: বরিশাল-এর অধ্যক্ষের ০৬.১১.২০২৫ খ্রি. তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ ১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে অনুচ্ছেদ-১৩ এর ও মোতাবেক নিম্নোক্ত শর্তে ২৭.০১.২০২৬ খ্রি. থেকে ২৬.০১.২০২৯ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো-

শর্তসমূহ:

১. ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের ভর্তির কার্যক্রম চালু হবে।
২. ফাজিল স্নাতক (পাস) বিএ শ্রেণিতে পাঠদানের জন্য কমপক্ষে ০২ (দুই) জন খন্ডকালীন শিক্ষক নিয়োগ ও ০৩ (তিন) টি শ্রেণিকক্ষের ব্যবস্থা করতে হবে।
৩. মাদরাসার লাইব্রেরি, ফাজিল স্নাতক (পাস) বিএ শ্রেণিতে পাঠদান উপযোগী মূল কিভাবে ও রেফারেন্স গ্রন্থ দ্বারা আবশ্যিকভাবে সমৃদ্ধ করতে হবে।
৪. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, অডিট কমিটি, ক্রয় কমিটি ও সাংস্কৃতিক কমিটিসহ অন্যান্য কার্যকর কমিটি গঠন করতে হবে। একাডেমিক কমিটি শিক্ষা বছরের শুরুতে একাডেমিক ক্যালেন্ডার প্রস্তুত পূর্বক পাঠদান পরিচালনা করবেন।
৫. অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের জন্য আলাদা সুসজ্জিত কক্ষের ব্যবস্থা করতে হবে।
৬. ছাত্রীদের জন্য আলাদা কমনরুম ও টয়লেট এবং নামাজের জায়গা বরাদ্দ দিতে হবে।
৭. শ্রেণিকক্ষে মূল কিভাবে মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে এবং নোট-গাইডের ব্যবহার পরিহার করতে হবে।
৮. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদানের পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ল্যাংগুয়েজ ক্লাব চালুর কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৯. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে পাঠদান অনুমতিপ্রাপ্ত' কথাটি লিখতে হবে।
১০. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(মোঃ গিয়াস উদ্দীন)

মাদরাসা পরিদর্শক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

বেলুহার নেহারিয়া আলিম মাদরাসা

ডাকঘর: সেরাল, উপজেলা: আঁগৈলঝাড়া, জেলা: বরিশাল।

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল পাস-প্রা.পা/বরি/২০২৫/১৫৬০৬

তারিখ: ১৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ:

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, ইআবি, (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, বেলুহার নেহারিয়া আলিম মাদরাসা, সেরাল, আঁগৈলঝাড়া, বরিশাল।
৭. অফিস নথি।

(মুহাম্মদ মাহফিজুর রহমান)

সহকারী মাদরাসা পরিদর্শক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়